

রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - চাঁদ দেখা সংক্রান্ত বিষয়াবলী রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

শা'বানের শেষ দুই বা একদিন রোযা রেখে রমাযান বরণ করা

পূর্বসতর্কতামূলকভাবে রমাযানের এক দিন আগে থেকে রোযা রাখা বৈধ নয়। কারণ, রমাযানের রোযা চাঁদ দেখার সাপেক্ষে। সূতরাং এ ব্যাপারে নিজেকে ভারগ্রস্ত করা উচিৎ নয়।

আবৃ হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) বলেন, "তোমাদের কেউ যেন রমাযানের আগে আগে একটি বা দুটি রোযা না রাখে। অবশ্য এমন ব্যক্তির কথা ভিন্ন, যে সেই দিনের রোযা রাখায় অভ্যাসী। তার উচিৎ, সেদিনে রোযা রাখা।"[1]

ফুটনোট

[1] (আহমাদ, মুসনাদ, বুখারী ১৯১৪, মুসলিম ১০৮২, সুনানে আরবাআহ; আবূ দাউদ, তিরমিযী, নাসাঈ ও ইবনে মাজাহ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4018

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন